

মাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৮  
(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার)

বাংলা

বাংলা উপন্যাস ও ছোটোগল্প (পর্ব ২)  
কোর্স পি.জি - ৪.১

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

প্রতি পর্ব থেকে একাটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও।

পর্ব ক

- ১ক. ‘প্রথম প্রতিশ্রূতি’ উপন্যাসে সমাজ ও সংস্কারের প্রবল বিরোধ কথনের গতিকে বার বার ব্যাহত করেছে – উপন্যাস অবলম্বনে ব্যাখ্যা করো। ১০

অথবা

- ১খ. উনিশ-বিশ শতকের নানান চিহ্ন ‘প্রথম প্রতিশ্রূতি’ উপন্যাসে খুঁজে পাওয়া যায়। তাহলে কি এই উপন্যাসকে ‘period tale’ বলা যুক্তিসঙ্গত হবে? তোমার মত জানাও। ১০

- ২ক. ‘হাজার চুরাশির মা’ উপন্যাস প্রসঙ্গে মহাশ্঵েতা বারবার সময়ের কাছে, ইতিহাসের কাছে তাঁর দায়বদ্ধতার কথা বলেছেন। উপন্যাস পড়ার পর সেখানে এই দায়বদ্ধতা কীভাবে কতটা রক্ষিত হয়েছে বলে তোমার মনে হয় আলোচনা করো। ১০

অথবা

(Turn Over)

( 2 )

- ২খ. মহাশ্বেতা দেবীর মতে, ‘হাজার চুরাশির মা’ উপন্যাসে তিনি এক ‘অরাজনেতিক জননী’ ও তার ছেলের সম্পর্ক নিয়ে লিখেছেন। তাহলে, সেই ‘অরাজনেতিক জননী’কে কি উপন্যাসের রাজনেতিক প্রেক্ষিতে আদৌ ‘হাজার চুরাশির মা’ বলা যায়? তোমার মতামত যুক্তিসহ লেখো।

১০

### পর্ব খ

- ৩ক. নরেন্দ্রনাথ মিত্রের গল্পরস এমন এক মাত্রাকে ছোঁয় যা সময় ও সমকাল উন্নীর্ণ হয়ে যায়। পাঠ্য গল্প অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো।

১০

### অথবা

- ৩খ. ‘ভাঙা চশমা’ গল্পে আদর্শ ও বাস্তবের নির্মম দ্বন্দ্ব নানাভাবে দেখা দিয়েছে – আলোচনা করে বিষয়টি বুঝিয়ে দাও।

১০

- ৪ক. ‘ছোটোগল্প নতুন রীতি’ পত্রিকার মূল আদর্শ কী ছিল? কে এই পত্রিকা প্রকাশ করতেন? তাঁর নিজের লেখা গল্পে এই ‘নতুন রীতি’র কোনও বৈশিষ্ট্য কি আদৌ খুঁজে পাওয়া সম্ভব? পাঠ্য গল্প অবলম্বনে তোমার মতামত যুক্তিসহ লেখো।

(৩+১)+৬=১০

### অথবা

- ৪খ. ‘গগনের অসুখ’ গল্পের প্রথম থেকে শেষ পর্যন্ত গগন-হীন গগনদের ফ্যামিলি ফটোগ্রাফের যে প্রসঙ্গ ঘুরে ফিরে আসে তার কাহিনিগত প্রয়োজনীয়তা বিচার করো।

১০

### অথবা

( 3 )

- ৪গ. কাঞ্চন ও রেখার গল্পে ক্রমশ বদলে-যাওয়া কলকাতা কীভাবে একটি গুরুত্বপূর্ণ চরিত্র হয়ে উঠেছে আলোচনা করো।

১০

### অথবা

- ৪ঘ. দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের ‘জটায়ু’ গল্পে বার বার ‘হাত’ ও ‘আগুন’-এর যে অনুযন্দি আসে গল্পের প্রেক্ষিতে তুমি তাকে কীভাবে পড়তে চাও জানাও।

১০

———— X ———